



BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH


সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/১০৬৩

তারিখঃ ০৮/১০/২০১৩ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৯৭ তম কমিশন সভা অদ্য ০৮/১০/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এর সদস্য স্টক ব্রোকার, কবির সিকিউরিটিজ লিঃ (সিএসই সদস্য নং- ৫৬) -এ কমিশনের রুটিন পরিদর্শনের ভিত্তিতে দাখিলকৃত রিপোর্টে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :
 - ক) সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account) এর অর্থ FDR করে এবং উক্ত হিসাবে অঙ্কের ঘাটতি (short-fall) রাখার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিলের আচরণবিধি (১) ও (৬) এবং Securities and Exchange Rules, 1987 এর Section 8(A)(1) লংঘন;
 - খ) "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের ডাইরেক্টিভ নং- SEC/CMRRCD/2001/43/169 তাং 01/10/2009 এবং নির্ধারিত অনুপাতের অতিরিক্ত মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের ডাইরেক্টিভ নং- SEC/CMRRCD/2009-193/135 তাং 30/09/2012 লংঘন এবং
 - গ) কাশ হিসাবে মার্জিন ঋণ সুবিধা প্রদান করার মাধ্যমে Margin Rules, 1999 এর Section 3(1) এর লংঘন।উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় উক্ত প্রতিষ্ঠানকে ৫ লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
২. ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর সদস্য স্টক ব্রোকার ডন সিকিউরিটিজ লিঃ (ডিএসই-১৪১) (যার লেনদেন কার্যক্রম গত ০৮/০৮/২০১০ইং থেকে ডিএসই কর্তৃক স্থগিত রাখা হয়েছে) -এর বিরুদ্ধে ক্লায়েন্টদের তরফ থেকে বিভিন্ন ধরনের অভিযোগ (যেমনঃ ক্লায়েন্টদের অর্থ ও শেয়ার প্রদান না করা, প্রদত্ত চেক ডিজঅনার হওয়া ইত্যাদি) উত্থাপিত হয়। দীর্ঘদিন ধরে উক্ত স্টক ব্রোকার কর্তৃক উত্থাপিত অভিযোগ নিষ্পত্তি করা হয় নাই। সভায় কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, যতদিন পর্যন্ত ডন সিকিউরিটিজ লিঃ ক্লায়েন্টদের পাওনা (অর্থ/শেয়ার) নিষ্পত্তি করতে না পারবে ততদিন পর্যন্ত ডিএসই এর ডিমিউচুয়ালাইজেশন উত্তর শেয়ার প্রাপ্তির যোগ্য হবে না। এছাড়াও অভিযোগসমূহ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ডন সিকিউরিটিজ লিঃ এর ডিমিউচুয়ালাইজেশন উত্তর প্রাপ্য শেয়ার একটি সাসপেন্স একাউন্টে থাকবে এবং উক্ত স্টক ব্রোকারকে লেনদেন অধিকার প্রাপ্তির সনদ (Trading Right Entitlement Certificate) ডিএসই কর্তৃক ইস্যু করা হবে না। এ ব্যাপারে ডিএসইকে প্রয়োজনীয় দিকনির্দেশনা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
৩. কমিশনে সাম্প্রতিককালে স্থাপিত "InstantWatch Market Surveillance System" এর মাধ্যমে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এর সদস্য স্টক ব্রোকার Hillcity Securities Ltd. (CSE-37) কর্তৃক গত ১৫/০৫/২০১৩ তারিখে First Securities Islami Bank Ltd. এর ৫,০০০ শেয়ার লেনদেনে Short Sell Alert পরিলক্ষিত হয়। পরবর্তীতে কমিশনের সার্ভেইল্যান্স বিভাগ বিষয়টি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করে। এনফোর্সমেন্ট বিভাগের কার্যক্রম সমাপ্তিতে আজকের সভায় Hillcity Securities Ltd. কে Chittagong Stock Exchange (Short-Sale) Regulations, 2005 এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ ভঙ্গের জন্য ১ (এক) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হয়।
৪. এছাড়াও সভায় কমিশনে স্থাপিত InstantWatch Market Surveillance System (MSS) এর মাধ্যমে উল্লেখযোগ্য সংখ্যক Short-sell এলার্ট পরিলক্ষিত হওয়ার বিষয়টি আলোচনা হয়। এই Short-sell কার্যক্রম থেকে দুই স্টক এক্সচেঞ্জের সদস্য স্টক ব্রোকারগণ যাতে বিরত থাকেন সে বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার জন্য দুই স্টক এক্সচেঞ্জকে নির্দেশনা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
৫. এএফসি এ্যাথ্রো বায়োটেক লিমিটেড লিঃ এর ১০ টাকা মূল্যমানের ১.২০ কোটি টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ১২ কোটি টাকা পুঁজি উত্তোলন করে মেশিনারীজ ক্রয় এবং প্রাথমিক গণ প্রস্তাব এর খরচ খাতে ব্যয় করবে। এএফসি এ্যাথ্রো বায়োটেক লিমিটেড লিঃ এর ৩০শে জুন ২০১৩ সালের অর্ধ-বার্ষিক আর্থিক প্রতিবেদন অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ১.০১ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ১১.১০ টাকা। উল্লেখ্য, ইমপেরিয়াল ক্যাপিটাল লিমিটেড এবং সিগমা ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড, এএফসি এ্যাথ্রো বায়োটেক লিমিটেড লিঃ এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে।
৬. One Bank Limited এর ২২০ কোটি টাকার Subordinated Floating Rate Bond এর প্রস্তাব অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ইস্যুর তারিখ থেকে ০৭ বছর। প্রাইভেট প্রেসমেন্টের মাধ্যমে বর্তমান শেয়ারহোল্ডার ব্যতীত কর্পোরেট ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ এবং উচ্চ Net Worth সম্পন্ন ব্যক্তিই শুধুমাত্র এই বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, offer document অনুযায়ী এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে One Bank Limited, Tier II মূলধন এর ভিত্তি শক্তিশালীকরণ কাজে ব্যয় করবে। One Bank Limited, Subordinated Floating Rate Bond এর প্রতিটি লট এর অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের কুপন রেট হবে ৬ মাসের গড় FDR হার + ৩ শতাংশ। Mandated Lead Arranger হিসেবে Standard Chartered Bank কাজ করছে।


০৮/১০/২০১৩
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র